# আল-ফুরকান | Al-Furqan | ٱلْفُرْقَان

আয়াতঃ ২৫ : ৩৯

## আরবি মূল আয়াত:

وَ كُلًّا ضَرَبۡنَا لَهُ الۡاَمۡثَالَ ۫ وَ كُلًّا تَبَّرۡنَا تَتۡبِیۡرًا ﴿۳۹﴾

## অনুবাদসমূহ:

আর আমি তাদের প্রত্যেকের জন্য দৃষ্টান্ত উপস্থাপন করেছি এবং তাদের প্রত্যেককেই আমি সম্পূর্ণরূপে ধ্বংস করে দিয়েছি। — আল-বায়ান

আমি তাদের প্রত্যেকের জন্য দৃষ্টান্ত বর্ণনা করেছিলাম (যাতে তারা সঠিক পথের সন্ধান পেতে পারে) আর তাদের প্রত্যেককেই সম্পূর্ণরূপে ধ্বংস করে দিয়েছিলাম (তাদের পাপের কারণে)। — তাইসিরুল

আমি তাদের প্রত্যেকের জন্য দৃষ্টান্ত বর্ণনা করেছিলাম, আর তাদের সকলকেই আমি সম্পূর্ণ রূপে ধ্বংস করেছিলাম। — মুজিবুর রহমান

And for each We presented examples [as warnings], and each We destroyed with [total] destruction. — Sahih International

৩৯. আর আমরা তাদের প্রত্যেকের জন্য দৃষ্টান্ত বর্ণনা করেছিলাম এবং তাদের সকলকেই আমরা সম্পূর্ণরূপে ধ্বংস করেছিলাম।

-

তাফসীরে জাকারিয়া

(৩৯) আমি ওদের প্রত্যেককে দৃষ্টান্ত বর্ণনা (দ্বারা সতর্ক) করেছিলাম[1] এবং ওদের সকলকে আমি সম্পূর্ণরূপে ধ্বংস করেছিলাম। [2]

[1] অর্থাৎ, দলীলাদি দ্বারা সত্য প্রমাণিত করেছিলাম।

[2] অর্থাৎ, দলীলাদি দ্বারা সত্যতা প্রমাণের পর।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2894

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন